শোনো! যদি এ ব্যক্তি ‘বিসমিল্লাহ’ বলত, তাহলে এ খাবারই তোমাদের সবার জন্য যথেষ্ট হত।

আয়েশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, ছয়জন সাহাবীর সাথে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম খাবার খাচ্ছিলেন। এমন সময় এক বেদুঈন হাযির হলো এবং
সে দু’গ্রাসেই সমস্ত খাদ্য খেয়ে ফেলল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বললেন, “শোনো! যদি এ ব্যক্তি ‘বিসমিল্লাহ’ বলত, তাহলে এ খাবারই তোমাদের সবার জন্য যথেষ্ট হত।”
[সহীহ] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম ছয়জন সাহাবীর সাথে খাবার খাচ্ছিলেন। এমন সময় এক বেদুঈন হাযির হলো এবং সে দু’গ্রাসেই অবশিষ্ট খাদ্য খেয়ে ফেলল। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বললেন, “যদি এ ব্যক্তি ‘বিসমিল্লাহ’ বলত, তাহলে এ খাবারই তোমাদের সবার জন্য যথেষ্ট হত। কিন্তু সে আল্লাহর না নেয় নি। ফলে সে অবশিষ্ট সব খাদ্য দুই লুকমায় খেয়ে ফেলল। অথচ তা তার জন্য যথেষ্ট হলো না। এতে প্রমাণিত হয়, যখন কোনো মানুষ খাওয়াতে আল্লাহর নাম না নেয়, তার খাদ্য থেকে বরকত ছিনিয়ে নেওয়া হয়।

https://sunnah.global/hadeeth/bn/show/4209